



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/নিয়োগ/০৭/২০১৯

তারিখ : ১৩ সেপ্টেম্বর, ২০২২

পূণ: নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর আইআইসিটির জন্য স্টোর কিপারের ০১ টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ১২৫০০-৩০২৩০/=

যোগ্যতা ও অভিজ্ঞতা :


- ক) প্রার্থীকে স্নাতক ডিগ্রী/সমমানের পরীক্ষা পাস ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে পারদর্শিতা।
- খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান হেড থাকতে হবে।
- গ) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর।

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ২০০/= (দুইশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ১০ অক্টোবর, ২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

পূর্বে আবেদনকারী প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।


(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার